মন্ত্রিপরিষদ বিভাগের ২০১৪-১৫ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মুল্যায়ন প্রতিবেদনের উপর মন্ত্রণালয় / বিভাগভিত্তিক সারসংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়/ বিভাগ	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী প্রকল্পের সংখ্যা	জেডিসিএফভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পেরসংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পেরসংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১	দুদক	১	১	--	--	--	--	--	--	--

১। **সমাপ্ত প্রকল্পের সংখ্যা:** ১

২। **সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারন:** মেয়াদ বৃদ্ধি হয়নি

৩। **সমাপ্ত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:**

সমস্যা	সুপারিশ
৩.১. উপ-পরিচালকের অফিস কক্ষের দেয়ালে ফাটল পরিলক্ষিত হয়; এবং	ভবনটি নিয়মিত পর্যবেক্ষণ করে প্রয়োজনীয় সংস্কার করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৩.২. ভবন সংলগ্ন গাছের পাতা জমে ছাদের পানি নিষ্কাশন পাইপের মুখ বন্ধ হয়ে যাওয়ায় ছাদে পানি আটকে থাকে যা ভবনের স্থায়িত্বের জন্য হুমকিসরূপ।	ভবনের ছাদের পানি নিষ্কাশন পাইপের মুখ যাতে বন্ধ না হয় সেজন্য ভবন সংলগ্ন গাছ অথবা গাছের ডাল কেটে ফেলা যেতে পারে।

যশোর সমন্বিত জেলা কার্যালয়ের জন্য নতুন ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : জুন ২০১৫)

১। প্রকল্পের অবস্থান : সদর উপজেলা, যশোর

২। বাস্তবায়নকারী সংস্থা : দুর্নীতি দমন কমিশন

৩। **প্রশাসনিক মন্ত্রণালয়** : কেবিনেট ডিভিশন

৪। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:** (লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়নকালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
মোট ৩০৪.২৫	সংশোধন করা হয়নি	২৯৪.৭০	জানুয়ারি ২০১৩-জুন ২০১৫	-----	জানুয়ারি ২০১৩-জুন ২০১৫	-----	-----

৫। প্রকল্পের অর্থায়ন: বাংলাদেশ সরকার

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন:

ক্রমিক	**ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ**	**একক**	**ডিপিপি অনুযায়ী অনুমোদিত লক্ষ্যমাত্রা**		**প্রকৃত বাস্তবায়ন**	
			আর্থিক	**বাস্তব**	**আর্থিক**	**বাস্তব**
১	**২**	**৩**	**৪**	**৫**	**৬**	**৭**
	ক) রাজস্ব					
১	অফিস মনিহারী		২.০০	থোক	২.০০	থোক
২	বিজ্ঞাপন		১.০০	থোক	১.০০	থোক
৩	গুনগত মান নিশ্চিতকরণ		২.৯৩	থোক	১.৮৬	থোক
ক্রমিক	ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ	একক	ডিপিপি অনুযায়ী অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
১	২	৩	৪	৫	৬	৭
৪	মাটি এবং উপকরন পরীক্ষা		১.০০	থোক	১.০০	থোক
৫	সম্মানী		২.৫০	থোক	০.৯৮	থোক
৬	অন্যান্য		১.০০	থোক	১.০০	থোক

<table>
<tr><th rowspan="2">ক্রমিক</th><th rowspan="2">ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ</th><th rowspan="2">একক</th><th colspan="2">ডিপিপি অনুযায়ী অনুমোদিত লক্ষ্যমাত্রা</th><th colspan="2">প্রকৃত বাস্তবায়ন</th></tr>
<tr><th>আর্থিক</th><th>বাস্তব</th><th>আর্থিক</th><th>বাস্তব</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td><td>৬</td><td>৭</td></tr>
<tr><td>৭</td><td>কম্পিউটার ও অন্যান্য মেরামত</td><td></td><td>১.৫০</td><td>থোক</td><td>১.৫০</td><td>থোক</td></tr>
<tr><td></td><td>খ) মূলধন</td><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>১</td><td>ফটোকপি মেশিন</td><td></td><td>১.৫০</td><td>১ টি</td><td>১.৫০</td><td>১টি</td></tr>
<tr><td>২</td><td>কম্পিউটার, প্রিন্টার ও অন্যান্য</td><td></td><td>২.০০</td><td>৩ টি</td><td>২.০০</td><td>৩ টি</td></tr>
<tr><td>৩</td><td>আসবাবপত্র</td><td></td><td>৩.০০</td><td>৩ সেট</td><td>৩.০০</td><td>৩ সেট</td></tr>
<tr><td>৪</td><td>বাগান/বনায়ন</td><td></td><td>১.০০</td><td>থোক</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>৫</td><td>অগ্নি নির্বাপন সরঞ্জাম</td><td></td><td>০.৫০</td><td>থোক</td><td>০.৪৮</td><td>থোক</td></tr>
<tr><td>৬</td><td>ভূমি উন্নয়ন</td><td></td><td>৫.৫৯</td><td>থোক</td><td>৩.৫০</td><td>থোক</td></tr>
<tr><td>৭</td><td>পূর্ত কাজ (অফিস ভবন)</td><td></td><td>২৪৫.৫৪</td><td>৪৩৬.৬৪ বর্গ মিটার</td><td rowspan="4">২৭৪.৮৮</td><td></td></tr>
<tr><td>৮</td><td>অভ্যন্তরীণ ও এপ্রোচ রোড</td><td></td><td>৪.১৯</td><td>১৯৭.৪১ বর্গ মিটার</td><td></td></tr>
<tr><td>৯</td><td>পানি সরবরাহ</td><td></td><td>৫.৫০</td><td>থোক</td><td>থোক</td></tr>
<tr><td>১০</td><td>বৈদ্যুতিক স্থাপনা (অভ্যন্তরীণ ও বাহিরে)</td><td></td><td>৮.৫০</td><td>থোক</td><td>থোক</td></tr>
<tr><td rowspan="2">১১</td><td>প্রাইস কন্টিনজেন্সি</td><td></td><td>৯.০০</td><td>থোক</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>ফিজিক্যাল কন্টিনজেন্সি</td><td></td><td>৬.০০</td><td>থোক</td><td>--</td><td>--</td></tr>
<tr><td></td><td>ক)+খ)=</td><td></td><td>৩০৪.২৫</td><td></td><td>২৯৪.৭০</td><td></td></tr>
</table>

৭। সাধারণ পর্যবেক্ষণ:

৭.১। প্রকল্পের পটভূমি:

দুর্নীতি দমন কমিশনের কর্মদক্ষতা বৃদ্ধি করে একে শক্তিশালী করার বিষয়ে বর্তমান সরকার প্রতিশ্রুতিবদ্ধ। এ লক্ষ্যে দুদকের মাঠ পর্যায়হতে শুরু করে উর্ধ্বতন পর্যায় পর্যন্ত অবকাঠামোগত সুবিধা সৃষ্টি করা জরুরী। দুদককে শক্তিশালী করার অংশ হিসেবে প্রয়োজনীয় অফিস স্থাপনা ও অবকাঠামোগত সুবিধাদি নিশ্চিতকরণে বর্তমানে ২২ টি সমন্বিত জেলা কার্যালয়ের জন্য নিজস্ব অফিস ভবন নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং এর অংশ হিসেবে শুরুতে **যশোর সমন্বিত জেলা কার্যালয়ের জন্য অফিস ভবন নির্মাণ** প্রকল্প গ্রহণ করা হয়েছে। বর্তমানে প্রায় সকল সমন্বিত জেলা কার্যালয় অস্থায়ী বা ভাড়া বাড়িতে রয়েছে। যশোরে দুদকের নিজস্ব জমি থাকায় সেখানেই একটি নিজস্ব অফিস ভবন নির্মাণের প্রস্তাব করে আলোচ্য প্রকল্পটি প্রণয়ন করা হয়েছে।

৭.২।প্রকল্পের উদ্দেশ্য: প্রকল্পের প্রধান উদ্দেশ্য হল-

৭.২.১. সম্পূর্ণ সজ্জিত ৪ তলা ফাউন্ডেশনের উপর ২ তলা বিশিষ্ট একটি অফিস ভবন নির্মাণ;

৭.২.২. দুদকের কর্মকর্তাদের জন্য উন্নত কর্মপরিবেশ সৃষ্টি করা; এবং

৭.২.৩. রাষ্ট্রকে উন্নত সেবা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় ভৌত অবকাঠামোগত সুবিধাদি নিশ্চিতকরণ।

৭.৩। অনুমোদন পর্যায়: প্রকল্পটি সম্পূণ জিওবি ৩০৪.২৫ লক্ষ টাকা ব্যয়ে জানুয়ারি ২০১৩ থেকে জুন ২০১৫ মেয়াদে বাস্তবায়নের জন্য মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ১০/০৩/২০১৩ তারিখে অনুমোদিত হয়।

৭.৪। প্রকল্পের মূল কার্যক্রম:

* ভূমি উন্নয়ন; এবং
* ২ তলা বিশিষ্ট একটি অফিস ভবন নির্মাণ।

৭.৫। **প্রকল্প বাস্তবায়ন:** প্রকল্পটি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য নিম্নোক্ত কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেন-

ক্রমিক	কর্মকর্তার নাম ও পদবি	দায়িত্ব গ্রহণ	দায়িত্ব হস্তান্তর	দয়িত্বের ধরন
১।	মোহাম্মদ জহিরুল হুদা, উপ-পরিচালক	১৭/০৪/২০১৩	প্রকল্প সমাপ্তি পর্যন্ত	খন্ডকালীন

৭.৬। মূল্যায়ন পদ্ধতি: মূল্যায়নের ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরন করা হয়েছে-

ক. ডিপিপি পর্যালোচনা;
খ. পিসিআর পর্যালোচনা;
গ. পিসিআর প্রাপ্তির পর সরেজমিন পরিদর্শন; এবং
ঘ. প্রাপ্ত তথ্যের উপর প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

৮। প্রকল্প পরিদর্শন:

সমাপ্ত প্রকল্পটি আইএমইডির মূল্যায়ন কর্মকর্তা জনাব মুহাম্মদ মাহবুব হোসেন কর্তৃক০৯/০৯/২০১৭খ্রিঃ তারিখেপরিদর্শন করা হয়।পরিদর্শনকালে উপস্থিত ছিলেন দুদকের যশোর সমন্বিত জেলা কার্যালয়ের উপ-পরিচালক জনাব মোঃ জাহিদ হোসেন এবং যশোর গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী জনাব মোস্তফা ফারুকুজ্জামান। প্রকল্পেরউদ্দেশ্য ,অর্জন, ক্রয় প্রক্রিয়া এবং সমস্যা নিয়ে তাদের সাথে আলোচনা হয় এবং প্রকল্প সংশ্লিষ্ট ডকুমেন্ট যাচাই করাহয়। কার্যালয়টি পরিদর্শন করে দেখা যায় প্রত্যেক কর্মকর্তার ডেস্ক কম্পিউটার, প্রিন্টার ও অন্যান্য সরঞ্জাম দ্বারা সজ্জিত আছে। ভবনটিতে ১টি সাংবাদিক সম্মেলন কক্ষ, স্টাফদের থাকার জন্য ২ টি ব্যারাক কক্ষ, মহিলা ও পুরুষদের জন্য আলাদা নামাজের কক্ষ, ২টি পরিদর্শন বাংলো এবং একটি লাইব্রেরী রয়েছে। তবে পরিদর্শনকালে উপ-পরিচালকের অফিসকক্ষের দেয়ালে ফাটল পরিলক্ষিত হয়েছে। একটি সদ্য নির্মিত ভবনে এরূপ ফাটল কাঙ্খিত নয়।

যশোর সমন্বিত জেলা কার্যালয়ের উপ-পরিচালক মহোদেয়ের সাথে যশোর সমন্বিত জেলা কার্যালয় ভবন

৯। **প্রকল্পের উদ্দেশ্যের বিপরীতে অর্জন:**

ক্রমিক	উদ্দেশ্য	অর্জন
১	সম্পূর্ণ সজ্জিত ৪ তলা ফাউন্ডেশনের উপর ২ তলা বিশিষ্ট একটি অফিস ভবন নির্মাণ।	২ তলা বিশিষ্ট অফিস ভবনটির ভৌত কাজ সমাপ্ত হয়েছে এবং প্রয়োজনীয় সরঞ্জামাদি দ্বারা সজ্জিত করা হয়েছে।
২	দুদকের কর্মকর্তাদের জন্য উন্নত কর্মপরিবেশ সৃষ্টি করা।	দুদকের কর্মকর্তাদের জন্য উন্নত কর্মপরিবেশ সৃষ্টি করা হয়েছে।
৩	রাষ্ট্রকে উন্নত সেবা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় ভৌত অবকাঠামোগত সুবিধাদি নিশ্চিতকরণ।	রাষ্ট্রকে উন্নত সেবা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় ভৌত অবকাঠামোগত সুবিধাদি নিশ্চিত করা হয়েছে।

১০। উদ্দেশ্য অর্জিত না হলে তার কারণ: প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে বলে পিসিআর ও পরিদর্শন থেকে মনে হয়েছে।

১১। মনিটরিং:আইএমইডি'র পরিচালক জনাব আ. ন. ম. রোকন উদ্দিন ০২/০৪/২০১৫ তারিখে প্রকল্পটিপরিদর্শন করেন। তাছাড়া
প্রকল্পটি দুদকের বিভিন্ন কর্মকর্তা কর্তৃক এবং গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তা কর্তৃক একাধিকবার পরিদর্শিত হয়।

১২। **অডিট:** (প্রাপ্ত পিসিআর অনুযায়ী)

১২.১। অভ্যন্তরীণ অডিট: অডিট করা হয়নি।
১২.২। এক্সটার্নাল অডিট: অডিট করা হয়নি।

১৩। **প্রকল্পের আওতায় গৃহীত ক্রয় কার্যক্রম:**

প্রকল্পটির আওতায় ১টি ফটোকপিয়ার, ৩টি কম্পিউটার ও ৩ সেট আসবাবপত্র ক্রয় করা হয়।

১৪। **সমস্যা:** পরিদর্শনকালে কিছু সমস্যা পরিলক্ষিত হয় যা নিম্নরূপ-

১৪.১। উপ-পরিচালকের অফিস কক্ষের দেয়ালে ফাটল পরিলক্ষিত হয়; এবং

১৪.২। ভবন সংলগ্ন গাছের পাতা জমে ছাদের পানি নিষ্কাশন পাইপের মুখ বন্ধ হয়ে যাওয়ায় ছাদে পানি আটকে থাকে যা ভবনের স্থায়িত্বের জন্য হুমকিস্বরূপ।

১৫। **সুপারিশ:**

১৫.১। ভবনটি নিয়মিত পর্যবেক্ষণ করে প্রয়োজনীয় সংস্কার করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৫.২। ভবনের ছাদের পানি নিষ্কাশন পাইপের মুখ যাতে বন্ধ না হয় সেজন্য ভবন সংলগ্ন গাছ অথবা গাছের ডাল কেটে ফেলা যেতে পারে।

১৫.৩। সুপারিশ ১৫.১ হতে ১৫.২ এর আলোকে সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা আইএমইডিকে সত্বর অবহিত করতে হবে।